

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়



শহীদ স্মৃতি সরকারি কলেজ, মুক্তাগাছা, ময়মনসিংহ

ফোন: ০২৬৬৭৩০৩১, মোবাইল: ০১৩০৯১১১৯৯৯

ই-মেইল: gsscollege_mukta@yahoo.com

ওয়েবসাইট: gsscollege.gov.bd

তারিখ: ১৬/০১/২০২৫ খ্রি.

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণির ভর্তি কার্যক্রম অত্র কলেজে নিম্নবর্ণিত নির্দেশনার আলোকে সম্পাদন করা হবে।

১ম রিলিজ প্লিপের মেধা তালিকা অনুযায়ী ভর্তি কার্যক্রমের সময়সূচি

কোর্স	ফরম সংগ্রহ ও জমা	ভর্তির তারিখ ও বার	সময়
বিএসএস	অর্থনীতি বিভাগ	২২ জানুয়ারি ২০২৫ বুধবার থেকে ২৩ জানুয়ারি ২০২৫ বৃহস্পতিবার পর্যন্ত	প্রতিদিন সকাল ০৯.০০ টা থেকে বেলা ০১.০০ টা পর্যন্ত
বিবিএস	অর্থনীতি বিভাগ		
বিএ	অর্থনীতি বিভাগ		

- জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দেশনার আলোকে (www.nu.edu.bd/admissions) অনলাইনে ভর্তির আবেদন ফরম A4 সাইজের অফসেট কাগজে পূরণ ও প্রিন্ট করে ০২ কপি অত্র কলেজের ভর্তির জন্য নির্ধারিত কক্ষে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট উল্লিখিত সময় পর্যন্ত জমা দেওয়া যাবে।
- প্রিন্টকৃত আবেদন ফরমের নির্ধারিত স্থানে আবেদনকারীকে স্বাক্ষর করতে হবে। আবেদন ফরমের সাথে উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার নম্বরপত্র, প্রশংসাপত্রের ফটোকপি (১ সেট) ও ০৪ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি জমা দিতে হবে (উচ্চ মাধ্যমিক পরীক্ষার মূল নম্বরপত্র ও মূল প্রশংসাপত্র অবশ্যই জমা দিতে হবে)।
- কলেজের হিসাব শাখায় (সকল কোর্সের জন্য এক বৎসরের বেতন, অভ্যন্তরীণ পরীক্ষা ও ভর্তি ব্যবস্থাপনা ফিসহ) ৩,০৩০/- (তিন হাজার ত্রিশ টাকা) প্রদান করে ভর্তির রশিদ সংগ্রহ করতে হবে। উপরের উল্লিখিত স্থানে ভর্তি রশিদ প্রদর্শন করে ভর্তি ফরম সংগ্রহ ও পূরণ করে জমা দিতে হবে।
- সংশ্লিষ্ট কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।
- সকল বিভাগের আবশ্যিক বিষয় : ১। বাংলা ২। ইংরেজি ৩। স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ের ইতিহাস।
- নৈর্বাচনিক বিষয়সমূহ :
বি এ : ক) ইসলামিক স্টাডিজ খ) ইসলামের ইতিহাস ও সংস্কৃতি
গ) রাষ্ট্রবিজ্ঞান অথবা সমাজকর্ম অথবা অর্থনীতি - যে কোনো ০১ টি বিষয়।
বি এস এস : ক) ইসলামিক স্টাডিজ অথবা ইসলামের ইতিহাস ও সংস্কৃতি- যে কোনো ০১ টি বিষয়।
খ) রাষ্ট্রবিজ্ঞান অথবা সমাজকর্ম অথবা অর্থনীতি - যে কোনো ০২ টি বিষয়।
বি বি এস : ক) অর্থনীতি খ) হিসাববিজ্ঞান গ) ব্যবস্থাপনা

বি: দ্র: নির্ধারিত সময়ে ভর্তি না হলে ভর্তির মনোনয়ন বাতিল বলে গণ্য হবে।

প্রফেসর মোঃ বশির উদ্দিন খান (০০২২৬২)

অধ্যক্ষ

শহীদ স্মৃতি সরকারি কলেজ

মুক্তাগাছা, ময়মনসিংহ

এ.কে.এম ইমদাদুল হাসান (০০০১৫০১১)
সহযোগী অধ্যাপক, অর্থনীতি বিভাগ
আস্থায়ক
২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে স্নাতক পাস (ডিগ্রি)
১ম বর্ষ ভর্তি কমিটি
শহীদ স্মৃতি সরকারি কলেজ
মুক্তাগাছা, ময়মনসিংহ